৬৩

দৈনিক ইনকিলাব

তারিখ ...12. JAN 1993
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৯ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয় সর্ব শ্রেণীর লোকের উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টির চেষ্টা করবে -এমাজউদ্দীন আহমদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এমাজউদ্দীন আহমদ বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় সর্বদাই জাতীয় প্রয়োজনকে গুরুত্ব প্রদান করে থাকে। দেশের বিভিন্ন শ্রেণীর লোক যাতে উচ্চ শিক্ষায় অংশগ্রহণ করতে পারেন, সে সুযোগ সৃষ্টির ব্যাপারেও বিশ্ববিদ্যালয়ের তরফ থেকে চেষ্টা করা হবে। ভিসি বাংলাদেশ মিলিটারী একাডেমী ভাটিয়ারী বাংলা প্রশিক্ষকদের প্রশিক্ষণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউট আয়োজিত "বাংলা ভাষার প্রায়োগিক ভাষাতত্ত্ব ও তুলনামূলক সাহিত্য" বিষয়ক ৯০ ঘন্টাব্যাপী কোর্সের সমাপনী ও কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। ইনস্টিটিউটের পরিচালক জনাব এ এইচ এম আবদুল হাই-এর সভাপতিত্বে এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সেনা শিক্ষা বিভাগের পরিচালক ব্রিগেডিয়ার আনোয়ার এবং কোর্স পরিচালক অধ্যাপক মনসুর মুসা। প্রেস বিজ্ঞপ্তি।